# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৭৪ তারিখঃ ১৫ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
৩০ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৮০১ তম কমিশন সভা অদ্য ৩০/১১/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, Premeir Bank Limited এর ২০০ (দুইশত) কোটি টাকার Unsecured, Contingent-convertible, Fully paid-up, non-comulative, BASEL III compliant, Perpetual bond এর প্রস্তাব অনুমোদন করেছে। বন্ডটির ১৮০ (একশত আশি) কোটি টাকা প্রাইভেট প্লেসমেন্ট এবং অবশিষ্ট ২০ (বিশ) কোটি টাকা পাবলিক অফার এর মাধ্যমে ইস্যু করা হবে। বন্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা। বন্ডটির কুপন হার ৬% (Floor) থেকে ১০% (Ceiling) যা আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়্যাল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, আঞ্চলিক রুরাল ব্যাংক, ট্রাষ্ট, সংগঠন, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারী এবং সাধারণ বিনিয়োগকারীদের অনুকূলে ইস্যু করা হবে।

উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে Premeir Bank Limited এর Additional Tier-1 মূলধনের ভিত্তি শক্তিশালী করবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করবে MTB Capital Limited. এই বন্ডটির Arranger, Issue Manager এবং Underwriter হিসাবে দায়িত্ব পালন করছে UCB Investment Limited.

০২. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি 'Ekush Growth Fund (Open-end)'-এর প্রাথমিক লক্ষ্যমাত্রা ১০ কোটি টাকা থেকে বাড়িয়ে ২৫ কোটি টাকায় উন্নীত করা এবং সে মোতাবেক উদ্যোক্তার অংশ ধারণ করার শর্ত সাপেক্ষে উক্ত ফান্ডের খসড়া প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে। উদ্যোক্তা কর্তৃক ধারণকৃত অংশ ব্যতীত বাকি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হলো 'একুশ ওয়েলথ ম্যানেজমেন্ট লিমিটেড'। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড' এবং 'ব্রাক ব্যাংক লিমিটেড'।

30-11-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd